

নাবালিকা বিয়ে রুখতে কর্মশালা

নিজস্ব সংবাদদাতা

কোলাঘাট: কোলাঘাট তাপ বিদ্যুৎ উপনগরীর বলাকা মধ্যে বুধবার 'বাল্য বিবাহ ও অঙ্গ বয়সে মাতৃত্ব' বিষয়ক একটি কর্মশালা হল।

ওই কর্মশালায় পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম জেলার মোট ১২০ জন স্কুলছাত্রীদের নিয়ে সচেতনতামূলক আলোচনা সভা হয়। সভায় ছিলেন রাজ্য শিশু অধিকার কমিশনের চেয়ারপার্সন অনন্যা চক্রবর্তী, কমিশনের সদস্য সুদেষ্ঠা রায় ও সৌমিত্র রায়, পূর্ব মেদিনীপুরের জেলা শাসক রশ্মি কমল, জেলা মুখ্যস্বাস্থ্য আধিকারিক নিতাইচন্দ্র মণ্ডল-সহ জেলার পদস্থ পুলিশ আধিকারিক ও সমাজ কল্যাণ দফতরের আধিকারিকেরা।

অনন্যা বলেন, “২০০৫-০৬ সালে জাতীয় পরিবারিক স্বাস্থ্য সমীক্ষায় আমাদের রাজ্যে নাবালিকা বিয়ের যে হার ছিল (৩৪.৪ শতাংশ) তাঁর তুলনায় ২০১৫-১৬ সালের সমীক্ষায় নাবালিকা বিয়ের হার কমলেও এখনও কয়েকটি জেলায় এই হার রাজ্যের গড় হারের চেয়ে বেশি রয়েছে। নাবালিকা বিয়ে রুখতে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন জেলায় এই কর্মশালার আয়োজন করা হচ্ছে।”

উল্লেখ্য, সাক্ষরতার হারে এগিয়ে থাকা পূর্ব মেদিনীপুরে নাবালিকা বিয়ের হার এখনও উদ্বেগজনক। ২০১৫-'১৬ সালের জাতীয় পারিবারিক স্বাস্থ্য সমীক্ষা অনুযায়ী, রাজ্যে গড় নাবালিকার বিয়ের হার ২৫.৬ শতাংশ। পূর্ব মেদিনীপুর জেলায় এই হার ২৮.৮ শতাংশ।